

রোকেয়া দিবস

মিঠাপুকুরে মেধাবী ছাত্রীদের বৃত্তি প্রদান ও আলোচনা সভা অনুষ্ঠিত

মিঠাপুকুর (রংপুর) থেকে সর্বোদ-
মাতা 'রোকেয়া দিবস' উপলক্ষে গত
সোমবার স্থানীয় বেগম রোকেয়া
অভিটোরিয়ামে 'রোকেয়া ওয়েল ফেয়ার
ফাউন্ডেশন' বাংলাদেশ ও ঢাকায়
মিঠাপুকুর সমিতির যৌথ উদ্যোগে এক
আলোচনা সভা এবং উপজেলার বিভিন্ন
কলেজের মেধাবী ছাত্রীদের মধ্যে বৃত্তি
প্রদান করা হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি
হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক
ইত্তেফাকের উপদেষ্টা সম্পাদক
আখতার-উল-আলম। রোকেয়া ওয়েল
ফেয়ার ফাউন্ডেশনের সভাপতি ড.
মুজিবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত
এ আলোচনা সভায় প্রধান অতিথির
বক্তব্যে বিশিষ্ট সাংবাদিক ও কলামিস্ট
আখতার-উল-আলম বলেন, নারী শিক্ষার
প্রসার ঘটানোর জন্য দেশে যদি কোন
মহিলা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয় তা
মহিষসী বেগম রোকেয়ার নামে তার
জন্মস্থান মিঠাপুকুরেই করা উচিত। সভায়
অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বিশিষ্ট
রুসরোগ বিশেষজ্ঞ ডা. মমতাজ হোসেন,
অধ্যক্ষ বিমল কুমার সরকার, অধ্যক্ষ এম
এ হান্নান, মিঠাপুকুর সমিতির সম্পাদক
খালেদা জামান প্রমুখ। পরে বিভিন্ন
কলেজের ১২ জন মেধাবী ছাত্রীকে
পনেরশ' টাকা করে বৃত্তি প্রদান করা
হয়।

৩ জন বিশিষ্ট ব্যক্তিকে

সংবর্ধনা প্রদান

সোমবার মিঠাপুকুর প্রেসক্লাবে
এলাকার ৩ জন বিশিষ্ট ব্যক্তিকে সংবর্ধনা
জ্ঞাপন করা হয়। সংবর্ধিত ব্যক্তিরা
হলেন আখতার-উল-আলম (দৈনিক
ইত্তেফাক), ড. এস মুজিবুর রহমান
(সভাপতি রোকেয়া ফাউন্ডেশন) এবং
এম. নুরুলজামান মিয়া (হুগু সচিব)। এ
উপলক্ষে মিঠাপুকুর প্রেসক্লাবে এক
মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।